# উপজেলা পরিষদ

## চাটখিল, নোয়াখালী

### নোয়াখালী জেলার চাটখিল উপজেলা পরিষদের মে/২০২২ মাসের সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : জাহাঙ্গীর কবির, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাটখিল, নোয়াখালী
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, চাটখিল
তারিখ ও সময় : ১৯/০৫/২০২২ খ্রিঃ, সকাল ১১.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনালে কোন সংশোধনী না থাকায় তা সভায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। নিম্নে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **১। উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, চাটখিল সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পচিালনার জন্য উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, চাটখিল অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চাটখিল |
| **২। উপজেলা কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি কর্মকর্তা, চাটখিল সভায় জানান যে, দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলিতেছে। কোন সমস্যা নাই। | তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা কৃষি অফিসার, চাটখিল-কে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, চাটখিল |
| **৩। উপজেলা প্রাণী সম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা চাটখিল জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পচিালনার জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা চাটখিল-কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা চাটখিল |
| **৪। উপজেলা প্রকৌশল বিভাগ : (ক) উপজেলা পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল/বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) ঃ** (I) উপজেলা প্রকৌশলী জানান সভায় জানান যে বার্ষিক উন্নয়ন কর্মসূচী-২০২১-২২ইং অর্থ বৎসরের আওতায় অত্র উপজেলায় উক্ত খাতে অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের নিমিত্তে চূড়ান্ত অনুমোদিত তালিকা "পরিশিষ্ট-ক" মোতাবেক ২০ (বিশ) টি পি.আই.সি এর মধ্যে ১০ (দশ) টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে এবং অবশিষ্ট ১০(দশ)টি প্রকল্পের কাজ চলমান আছে।<br>(II) ৪নং বদলকোট ইউনিয়নের ক্রমিক নং-১১ এর পিআইসি'র মানিকপুর - সপ্তগাঁও হাইস্কুল রোডের পুকুরপাড়ে গাইডওয়াল নির্মান প্রকল্পটি পরিবর্তে জনস্বার্থে রেজ্জাকপুর ঘাচি বাড়ি হইতে তোরাব মিজি বাড়ি পর্যন্ত রাস্তা ব্রীক সলিং দ্বারা উন্নয়ন প্রকল্পটি ২.০০(দুই) লক্ষ টাকায় পিআইসি পদ্ধতিতে বাস্তবায়ন করা যাইতে পারে।<br>(III) ৭নং হাটপুকুরিয়া-ঘাটলাবাগ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের আবেদনের প্রেক্ষিতে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)-২০২১-২২ইং অর্থবৎসরের আওতায় নিম্নোক্ত ০২(দুই)টি স্কীমে স্থান সংকুলান না হওয়ায় অবশিষ্টাংশের স্থান নির্ধারন করা হয়েছে ঃ- ৭নং হাটপুকুরিয়া-ঘাটলাবাগ ইউনিয়নের (১) ওমাপুর দনি মিয়ার বাড়ির রাস্তা সলিং দ্বারা উন্নয়ন কাজের সাথে হাজী বাড়ির রাস্তা সলিং দ্বারা উন্নয়ন এই রাস্তাটি যুক্ত হইবে এবং (২) গোবিন্দপুর বটতলা রাস্তা সলিং দ্বারা উন্নয়নের সাথে আকুঞ্জি বাড়ি,ভোটার বাড়ির রাস্তা সলিং দ্বারা উন্নয়ন যুক্ত হইবে।<br>এছাড়া ও ADP এর ০৯(নয়)টি টেন্ডার প্যাকেজের NOA গত ১২-০৫-২০২২ইং তারিখে সম্পন্ন হয়। ঠিকাদারের পারফরমেন্স সিকিউরিটি প্রাপ্তি স্বাপেক্ষে প্যাকেজসমূহের চুক্তি ও কার্যাদেশ প্রদান করা হবে। | (I) সভায় ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করার জন্য উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করা হয়।<br>(II) পরিবর্তিত প্রকল্পটি পিআইসি পদ্ধতিতে বাস্তাবায়নের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(III) প্রাক্কলিত মূল্য অপরিবর্তিত রেখে উক্ত সড়কদ্বয়ের সাথে নতুন রাস্তা যুক্ত করে উন্নয়ন কাজ বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |
| (খ) উপজেলা পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল (রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল) ঃ<br>(I) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, টেন্ডারের ৯(নয়)টি প্যাকেজের মধ্যে ০৫(পাঁচ)টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে এবং ০৪(চার)টি প্যাকেজের কাজ চলমান আছে।<br>(II) ২০২১-২২ইং অর্থ বৎসরে অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের জন্য বিভিন্ন ব্যক্তি,প্রতিষ্টান এবং ইউনিয়ন পরিষদ হইতে প্রাপ্ত প্রকল্প সমূহের বাস্তবায়নের নিমিত্তে প্রকল্প বাছাই কমিটি ও যোগাযোগ ভৌত অবকাঠামো উন্নয়ণ সংক্রান্ত উপজেলা পরিষদ স্থায়ী কমিটির সুপারিশের ভিত্তিতে অগ্রাধিকার ভিত্তিতে চূড়ান্ত তালিকা ("পরিশিষ্ট-ক") প্রস্তুত করা হয়েছে। | (I) সভায় প্রাক্কলন ও স্পেসিফিকেশান মোতাবেক সঠিকভাবে কাজের গুনগতমান নিশ্চিত করে প্রকল্প বাস্তবায়ন করার জন্য সভায় উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করা হয়।<br>(II) অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের নিমিত্তে অগ্রাধিকারভিত্তিক চূড়ান্ত তালিকা ("পরিশিষ্ট-ক") সভায় সর্বসম্মত ভাবে অনুমোদিত হয়। | |

| | | |
|---|---|---|
| (গ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিলঃ- (I) উক্ত খাতের আওতায় উপজেলা পরিষদের নিরাপত্তার স্বার্থে আনসারদের ব্যারাক নির্মানের কাজ চলমান আছে। (II) উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে,উপজেলা পরিষদের আবাসিক ভবন সমুহ পরিদর্শন করে অধিক ঝুঁকিপূর্ন ভবন সমূহের ব্যবহার উপযোগিতা যাছাই করা হয়েছে। | সভায় ব্যবহার অনুপযোগী ভবন সম্পর্কে প্রতিবেদন প্রদান করা হয় এবং তৎপরবর্তী ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট কমিটিকে নির্দেশনা প্রদান করা হয় এবং ব্যবহার অনুপযোগী ভবন সংক্রান্ত পরবর্তী পদক্ষেপ গ্রহনের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |
| (ঘ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)ঃ- উক্ত খাতের আওতায় ১। উপ-প্রকল্প নম্বর/প্যাকেজ নং - **INF-2019-20-207510-01**-এর **e-Tender ID**-658843-করোনা মহামারী প্রতিরোধে চাটখিল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ যন্ত্রপাতি সরবরাহ এবং উপ-প্রকল্প নম্বর/প্যাকেজ নং -**INF-2019-20-207510-02**- এর **e-Tender ID** 658849 জলাবদ্ধতা নিরসনের জন্য ড্রেনেজ ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে বাজার উন্নয়ন উপ-প্রকল্প (পাল্লা ও সোমপাড়া বাজারে ড্রেইন নির্মান) বাস্তবায়নের জন্য টেন্ডার মূল্যায়ন কার্যক্রম চলমান আছে। | সভায় দ্রুত টেন্ডার মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করার সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। | |
| ৫। মৎস্য বিভাগ ঃ উপজেলা মৎস্য অফিসার সভায় যে, বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। কোথাও কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, চাটখিল |
| ৬। দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চাটখিল |
| ৭। পরিবার পরিকল্পনা বিভাগ ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চাটখিল |
| ৮। উপজেলা সমাজ সেবা বিভাগ ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, চাটখিল |
| ৯। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ উপজেলা উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা শিক্ষা অফিসার, চাটখিল |
| ১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চাটখিল সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। কোনা সমস্যা নেই। | তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চাটখিল-কে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চাটখিল |
| ১১। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), চাটখিল |
| ১২। মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চাটখিল সভায় জানান যে, (I) মহিলাদের আত্বকর্ম সংস্থানের লক্ষ্যে জুরুন্ধন কর্মসূচীর আওতায় ৩০/০৫/২০২২ইং তারিখে যাচাই বাচাই পূর্বক ২৩ জন নারীকে সর্বমোট ৩.৪৫.০০০/-তিন লক্ষ পঁয়তালিশ হাজার টাকা ঋণ প্রদানের বিষয়ে আলোচনা করা হয় (II) দরিদ্র মার জন্য মাতৃত্বকাল ভাতা ও কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচীর স্থলে মা ও শিশু সহায়তা কর্মসূচী আগামী জুলাই/২২ থেকে বাস্তবায়িত হবে। বিষয়টি নিয়ে আলোচনা করা হয়।<br>(III) আইজিএ প্রশিক্ষন প্রকল্পের ১৪ তম ও ১৫ তম ব্যাচের প্রশিক্ষন কার্যক্রম চলমান রয়েছে। (IV) ভিজিডি ডিও প্রতি মাসে ৫-১০ তারিখের মধ্যে প্রাদান করা হয়।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চাটখিল-কে অনুরোধ করা হয়। | মহিলা ও শিশু উন্নয়ন কমিটি এবং ইউপি চেয়ারম্যান সকল, চাটখিল |
| ১৩। সমবায় বিভাগ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সঠিভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, চাটখিল |
| ১৪। উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ সভায় উপস্থিত হয়নি বিধায় উক্ত বিভাগের আলোচনা করা যায়নি। | আগামী সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানিয়ে এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, চাটখিল |
| ১৫। উপজেলা খাদ্য অফিস ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সঠিভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চাটখিল |

| | | |
|---|---|---|
| **১৬। পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সঠিভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | পল্লী উন্নয়ন কর্মকর্তা, চাটখিল ও সংশ্লিষ্ট সকল |
| **১৭। বন বিভাগ ঃ** উপজেলা বন কর্মকর্তা, চাটখিল সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সঠিভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা বন কর্মকর্তা,চাটখিল |
| **১৮। পরিসংখ্যান বিভাগ ঃ** উপজেলা পরিসংখ্যান অফিসার, চাটখিল সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সঠিভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিসংখ্যান অফিসার, চাটখিল |
| **১৯। উপজেলা নির্বাচন অফিস :** উপজেলা নির্বাচন অফিসার, চাটখিল সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সঠিভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাচন অফিসার, চাটখিল |
| **২০। পল্লী বিদ্যুৎ সমিতি :** ডেপুটি জেনারেল ম্যানেজার, চাটখিল জোনাল অফিস, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। কোন সমস্যা নেই। গ্রাহক হয়রানী মুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে অন-লাইনের মাধ্যমে নতুন সংযোগের আবেদন গ্রহণ অব্যাহত আছে। যার ফলে গ্রাহকদের অফিসে আসতে হয়না এবং আবেদন ফি ও জামানতের টাকা রকেটের মাধ্যমে জমা দিতে পারছে। এছাড়াও আলোর ফেরিওয়ালার মাধ্যমে নতুন সংযোগ প্রদান ও অভিযোগ নিরসন করা হচ্ছে। বিদ্যুৎ বিভ্রাট দ্রুত নিরসনের জন্য "সকল ত্যাগে পল্লী বিদ্যুৎ রাখিব সচল" মূলমন্ত্র ও দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে উদ্ভাবনী (Innovative) উদ্যোগ "দুর্যোগে আলোর গেরিলা" টীম গঠনপূর্বক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।<br>বকেয়া বিদ্যুৎ বিলের সংযোগ বিচ্ছিন্ন অভিযান চলমান আছে। ব্যাংক ও অফিসের পাশাপাশি বিদ্যুৎ বিল সার্বক্ষনিক টেলিটক ও বিকাশের মাধ্যমে পরিশোধ করা যায়। প্রতি বছরের মত এ বছরও বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের জন্য বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রনালয় এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অত্র প্রতিষ্ঠানের বকেয়া আদায়ের লক্ষ্যমাত্রা প্রদান করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে কঠোর হওয়ার নির্দেশনা দিয়েছেন এবং এ বিষয়ে বাপবিবো মহোদয়েরও কঠোর নির্দেশনা রয়েছে। বকেয়া বিদ্যুৎ বিল অনাদায়ে সংযোগ বিচ্ছিন্নকরণ অভিযান চলমান রয়েছে। সুতরাং বকেয়া বিদ্যুৎ বিল আদায় কার্যক্রমে সকলের সহযোগিতা একান্তভাবে কামনা করছি।<br>খাল কাটার কারণে ৩৩ কেভি লাইনের ৩৪ টি খুঁটি ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। এসকল ঝুঁকিপূর্ণ খুঁটিগুলো ঝুঁকিমুক্ত করার জন্য সাময়িকভাবে বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকবে। অনেকে বৈদ্যুতিক বিতরণ লাইনের নিচে ন্যূনতম নিরাপত্তামূলক ক্লিয়ারেন্স বজায় না রেখে বিল্ডিং নির্মাণ করছে যা খুবই ঝুঁকিপূর্ণ। এতে যে কোন সময় বড় ধরনের বৈদ্যুতিক দুর্ঘটনা ঘটে জানমালের ক্ষয়-ক্ষতি সাধন হতে পারে। তাই লাইনের নিচে ঝুঁকিপূর্ণ অবস্থায় ঘরবাড়ি নির্মাণ না করার জন্য একান্ত দৃষ্টি আকর্ষণ করছি।<br>ঝড়-বৃষ্টির কারণে বিদ্যুৎ লাইনের উপর ডালপালা পড়ে থাকলে অথবা গ্রাহক কর্তৃক বিভিন্ন জায়গায় গাছ কাটার ফলে লাইনের তার ছিঁড়ে গেলে অথবা লাইনের তার ঝুলে পড়ে থাকলে নিকটস্থ অভিযোগ কেন্দ্রের মোবাইল নাম্বারে জানানো (অভিযোগ কেন্দ্রের নম্বরসমূহ বিদ্যুৎ বিলের অপর পৃষ্ঠায় লিপিবদ্ধ আছে) এবং বিদ্যুৎ লাইন, তার, টানা তার ও খুঁটি হতে সর্বসাধারণকে নিরাপদ দূরত্বে থাকার জন্য অনুরোধ করা হলো।<br>বর্ণিত কার্যক্রম পরিচালনায় সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি। | নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে প্রয়োজনীয় সিদ্ধান্ত গৃহীত হয়। | ডেপুটি জেনারেল ম্যানেজার, চাটখিল জোনাল অফিস, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি |
| **২১। পল্লী সঞ্চয় ব্যাংকঃ** ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, চাটখিল সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | মাননীয় প্রধান মন্ত্রীর অগ্রাধীকার প্রকল্পের কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার জন্যে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, চাটখিল |
| **২২। উপজেলা আনসার ও ভিডিপি অফিসঃ** সভায় উপস্থিত হয়নি বিধায় উক্ত বিভাগের আলোচনা করা যায়নি। | আগামী সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানিয়ে এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, চাটখিল |

| | | |
|---|---|---|
| **২৩। উপজেলা রাজস্ব তহবিল :** উপজেলা নির্বাহী অফিসার, চাটখিল সভায় জানান যে, **ক**) উপজেলা পরিষদ চেয়ারম্যান, চাটখিল এর জানুয়ারি/২০২২ মাস হতে মে/২০২২ মাস মাসের ভ্রমণ ভাতা বিল ৩৮,১২৫/- (আটত্রিশ হাজার একশত পঁচিশ) টাকা; উপজেলা ভাইস চেয়ারম্যান, চাটখিল এর জানুয়ারি/২০২২ মাস হতে মে/২০২২ মাস মাসের ভ্রমণ ভাতা বিল ৩১,৫০০/- (একত্রিশ হাজার পাঁচশত) টাকা এবং উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, চাটখিল এর জানুয়ারি/২০২২ মাস হতে মে/২০২২ মাস মাসের ভ্রমণ ভাতা বিল ৩১,৫০০/- (একত্রিশ হাজার পাঁচশত) টাকা; মাসিক সভার আপ্যায়ন বিল বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>**খ**) উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান গণের মে/২০২২ মাসের সম্মানী ভাতা; উপজেলা পরিষদে বিভিন্ন মেরামত বাবদ ৯৭,১৫০/- (সাতানব্বই হাজার একশত পঞ্চাশ) টাকা; উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থ বছরের বিদ্যুৎ বিল ১,৩৩,৯৬৯/- (এক লক্ষ তেত্রিশ হাজার নয়শত উনসত্তর) টাকা; উপজেলা পরিষদের টেলিফোন বিল ৪,৫৪৮/- (চার হাজার পাঁচশত আটচল্লিশ হাজার) টাকা; এডিপি, উন্নয়ন তহবিল, জাইকা কাজের পত্রিকার বিজ্ঞাপন বিল ৯৮,৪১৭/- (আটানব্বই হাজার চারশত সতের) টাকা; ভূমি উন্নয়ন কর ২২,৮৬০/- (বাইশ হাজার আটশত ষাট) টাকা; হল রুমের মেরামত কাজের বিল ৫,৭৯,৯৯২/- (পাঁচ লক্ষ উনাশি হাজার নয়শত নিরানব্বই) টাকা; ফ্রি ওয়াইফাই জোন ২৯,৩০০/- (উনত্রিশ হাজার তিনশত) টাকা।<br>**গ**) ইসমাইল হোসেন, অফিস সহায়ক, উপজেলা পরিষদ কার্যালয়, চাটখিল, নোয়াখালী এর দৈনিক মজুরী বাবদ =১৫,৪০০/- (পনেরো হাজার চারশত) টাকা এবং শীতলচন্দ্র দাস, ঝাড়ুদার, উপজেলা পরিষদ কার্যালয়, চাটখিল, নোয়াখালী এর দৈনিক মজুরী বাবদ =১৫,৪০০/- (পনেরো হাজার চারশত) টাকা বিল অনুমোদন এবং পরিশোধের জন্য সভায় উপস্থাপন করেন। | (ক+খ+গ): বর্ণিত বিল/ভাউচার সমূহ অনুমোদন/ পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপজেলা পরিষদের সার্বিক কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(জাহাঙ্গীর কবির)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
চাটখিল, নোয়াখালী

স্মারক নম্বর : ০৫.৪২.৭৫১০.০০০.০৬.০০১.২২-৩২৬ তারিখ : ২৫-০৫-২০২২ খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। মাননীয় সংসদ সদস্য, ২৬৮ নোয়াখালী-০১।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।
০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাটখিল, নোয়াখালী।
০৭। উপজেলা ........................................................ কর্মকর্তা, চাটখিল, নোয়াখালী।
০৮। চেয়ারম্যান, ........................................................ ইউনিয়ন পরিষদ (সকল), চাটখিল, নোয়াখালী।

২৫/০৫/২২

(এ. এস. এম. মোসা)
উপজেলা নির্বাহী অফিসার
চাটখিল, নোয়াখালী।